বারহাট্টায় স্কাউটস দিবসে র্যালি ও আলোচনা অনুষ্ঠিত

বারহাট্টা, নেত্রকোণা:: নেত্রকোণার বারহাট্টায় “সাহসী ও দায়িত্বশীল আগামীর প্রজন্ম” এ প্রতিপাদ্যকে সামনে রেখে বাংলাদেশ স্কাউটস দিবস উদযাপিত হয়েছে। মঙ্গলবার বাংলাদেশ স্কাউটস বারহাট্টা উপজেলা শাখার উদ্যোগে এ উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র্যালিটি উপজেলার পরিষদ চত্বরের সামন থেকে শুরু হয়ে বিভিন্ন রাস্ত প্রদক্ষিণ করে উপজেলা পরিষদের অস্থায়ী হলরুমে এসে শেষ হয়। উপজেলা পরিষদের অস্থায়ী হলরুমে উপজেলা নির্বাহী অফিসার মোঃ খবিরুল আহসানের সভাপতিত্ব ও সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ স্কাউটস বারহাট্টা উপজেলা কমিশনার ও শিক্ষা অফিসার মোঃ সিরাজুল ইসলাম, বাংলাদেশ স্কাউটস বারহাট্টা উপজেলা শাখার সাধারণ সম্পাদক মোঃ শামছুল হক, সহ-সভাপতি ও অতিথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপজেলা স্কাউট লিডার মোঃ আনিছুল আলম তালুকদার, গ্রুপ সভাপতি প্রতিনিধি ও বারহাট্টা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আবুল খায়ের আকন্দ প্রমুখ। এছাড়া বাংলাদেশ স্কাউটস বারহাট্টা উপজেলার অন্যান্য বিভিন্ন পদের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মোঃ খবিরুল আহসান তার বক্তব্যে জানান, স্কাউটিং বিশ্বব্যাপী স্বীকৃত শিশু, কিশোর ও যুবদের জীবন গঠন ও দেশপ্রেম জাগ্রত করার একটি শক্তিশালী আন্দোলন। সকল শ্রেণি, পেশা ও বয়সের লোকদের জন্য স্কাউটিং উন্মুক্ত। বাংলাদেশের অভীষ্টের লক্ষ্যে এর সাথে সংগতি রেখে প্রশিক্ষিত যুব তৈরিতে স্কাউটিং কার্যক্রম দেশব্যাপী সম্প্রসারিত হচ্ছে।